**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**31 JULY 2024** **7:45—7:55 PM IST**

==================================================

(১) আসাম কন্যা লাভলীনা বরগোঁহাইয়ের প্যারিস অলিম্পিকে জয়ের অভিযান আরম্ভ । প্রি-কোয়ার্টার ফাইনালে জয়লাভ করা লাভলীনাকে মুখ্যমন্ত্রীর অভিনন্দন ।

(২) রাজ্য কেবিনেটের বৈঠকে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ে ৪৭ লক্ষ হিতাধিকারীকে অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত । ই-শ্রম পোর্টেলে অর্ন্তভুক্ত ৬ লক্ষ পরিযায়ী শ্রমিককে রেশন কার্ড প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী প্রকাশ ।

(৩) সমগ্র শিক্ষা অভিযানের আগামী বছরের ৬ জানুয়ারী আরম্ভ হওয়া গুণোৎসবের সংশোধিত সূচী প্রকাশ

এবং

(৪) চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমে ভর্তির জন্য কাউন্সেলিং পর্ব আগামী ১৪ ই আগস্ট থেকে আরম্ভ ।

---

প্যারিস অলিম্পিকের পঞ্চম দিন আজ আসামের লাভলীনা বরগোঁহাই বক্সিংয়ের মিডল ওয়েট বিভাগের ৭৫ কিলোগ্রাম শাখার প্রি কোয়ার্টার ফাইনালে নরওয়ের সুন্নীভা হফস্টাডকে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছে । টকিও অলিম্পিকে

ব্রোঞ্জ পদক অর্জন করে আসাম তথা দেশকে গৌরবান্বিত করা লাভলীনার এই ফলাফল অনুরাগীদের মধ্যে উৎসাহের সৃষ্টি করেছে । উল্লেখ্য পূর্বে ৬৯ কিলোগ্রাম শাখায় অংশগ্রহণ করা লাভলীনা এবার প্রথমবারের জন্য অলিম্পিকে ৭৫ কিলোগ্রাম শাখায় অবতীর্ণ হয়েছে । আগামী চৌঠা আগস্ট লাভলীনা কোয়ার্টার ফাইনালে অবতীর্ণ হবেন । মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে আজ লাভলীনার বিজয় যাত্রা অপূর্ব বলে মন্তব্য করেছেন । তিনি বলেন যে লাভলীনার কোয়ার্টার ফাইনালে প্রবেশ আসামবাসীকে উৎফুল্ল করেছে । তিনি রাজ্যের জনসাধারণের হয়ে লাভলীনাকে অভিনন্দন এবং পরবর্তী খেলাগুলির জন্য শুভেচ্ছা জ্ঞাপন করেন । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালও লাভলীনার আজকের জয়ের জন্য অভিনন্দন জ্ঞাপন করা সহ পরবর্তী খেলাগুলির জন্য শুভেচ্ছা জানান ।

---------------------------------------------------------------------------------------

২০২৪-২৫ অর্থবছরের বাজেটে দেশের অগ্রাধিকারের বিষয়গুলি যেমন উন্নয়ন , কর্মসংস্থান ,মূলধনী ব্যয় , অর্থনৈতিক একত্রীকরণ ইত্যাদির মধ্যে ভারসাম্যতা রক্ষা করে প্রস্তুত করা হয়েছে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আজ রাজ্যসভায় বাজেট সম্পর্কীত প্রশ্নের উত্তরে একথা জানান । কেন্দ্রীয় সরকার সবকা সাথ সবকা বিকাশ ও সসবকা প্রয়াস নীতিতে বিশ্বাস রেখে চলছে বলে উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন যে এবারের বাজেট সহযোগিতামূলক যুক্তরাষ্ট্রীয়বাদের নীতিতে অটল আস্থা রাখার বিষয়টি প্রতিপন্ন করেছে ।অর্থমন্ত্রী কৃষিক্ষেত্রে অর্থ বরাদ্দ হ্রাস করা হয়েছে বলে বিরোধিপক্ষের অভিযোগ খন্ডন করেন ।তিনি বলেন যে শিক্ষা , নিয়োগ এবং দক্ষতা বিকাশের ক্ষেত্রে ১ লক্ষ ৪৮ হাজার কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে ।এদিকে দেশে জাতি গণনার দাবীতে বিরোধি পক্ষের হইহট্টগোল পরিস্থিতির সৃষ্টি করার পরিপ্রেক্ষিতে লোকসভার কাজকর্ম আজ বেলা ১২ টা পর্যন্ত স্থগিত রাখা হয় ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় পর্যটন ও সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত দক্ষতা নির্মাণ ও আর্ন্তজাতিক সহযোগীতার মাধ্যমে দেশের সংস্কৃতি ও ঐতিহ্যকে সংরক্ষণের জন্য সরকারের করা প্রয়াসের বিষয়ে পরামর্শ দিয়েছেন । নতুনদিল্লীতে আজ সাংবাদিকদের সঙ্গে কথাবার্তা বলার সময় শ্রী শেখাওয়াত বলেন যে ভারতে বিশ্ব ঐতিহ্য সমিতির বৈঠক অনুষ্ঠিত করা হচ্ছে জি-২০ র অধ্যক্ষতার পর ভারতের সামর্থ বৃদ্ধি করার একটি উদাহরণ । উল্লেখ্য ২১ জুলাই আরম্ভ হওয়া এই সমিতির বৈঠকের আজ সমাপ্তি হয়েছে । তিনি আরো বলেন যে সরকার যতটা সম্ভব বেশকয়েকটি ভারতীয় স্থানকে ঐতিহ্য তালিকায়

অর্ন্তভুক্ত করার প্রয়াস অব্যাহত রেখেছে । বিগত ১০ বছরে ঐতিহ্যের তালিকায় ১৩টি ক্ষেত্র অর্ন্তভুক্ত করা হয়েছে বলেও কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন ।
দেশে প্রথমবারের জন্য বিশ্ব ঐতিহ্য সমিতির বৈঠক অনুষ্ঠিত করার বিষয়ে আলোকপাত করে শ্রী শেখাওয়াত বলেন যে আসামে ৬০০ বছর ধরে রাজত্ব করা তাই -আহোমের সমাধিক্ষেত্র চরাইদেওর মৈদামসমূহ এবার বিশ্ব ঐতিহ্য তালিকায় অর্ন্তভুক্ত হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী সেইসঙ্গে ভারতে সম্ভাব্য ঐতিহ্য তালিকায় আরো ৫৩ টি ক্ষেত্রের নাম প্রস্তাব করেছে বলেও জানান ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব তথা ১৯৮৩ ব্যাচের ভারতীয় প্রশাসনিক আধিকারীক প্রীতি সুদানকে কেন্দ্রীয় লোকসেবা আয়োগের অধ্যক্ষ হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে ।আগামীকাল তিনি দায়িত্ব গ্রহণ করবেন ।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু শ্রীমতি সুদানের নিযুক্তিতে অনুমোদন জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ে প্রায় ৪৭ লক্ষ হিতাধিকারীকে অর্ন্তভুক্ত করা হবে বলে আজ রাজ্য কেবিনেট বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বৈঠকের পর সাংবাদিকদের জানান যে রেশন কার্ড এবং আধারকার্ড থাকলে এই প্রকল্পের জন্য আবেদন করা যাবে ।ই-শ্রম পোর্টেলে অন্তর্ভুক্ত ৬ লক্ষ পরিযায়ী শ্রমিককে রেশনকার্ড প্রদান করা হবে বলে তিনি উল্লেখ করেন ।বৈঠকে ষষ্ঠ অনুসূচীর অধীনের অঞ্চলগুলো পরিচালনা করার জন্য গ্রাম উন্নয়ন পরিষদ সমুহে মোট ৪৭৬ টি সচিব পদের জন্য অনুমোদন জানানো হয় ।এদিকে আসাম দক্ষতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যকাল আরও দুবছর বৃদ্ধি করার জন্য বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র শিক্ষা অভিযান আগামী বছরের ৬ জানুয়ারী আরম্ভ হওয়া গুণোৎসবের সংশোধিত সূচী প্রকাশ করেছে । এই কার্যসূচী ৬ জানুয়ারীতে আরম্ভ হলেও সংশোধিত সূচী অনুসারে দ্বিতীয় পর্যায়ের গুণোৎসব ১৮ জানুয়ারীর পরিবর্তে ১৭ জানুয়ারী থেকে অনুষ্ঠিত হবে । একইভাবে তৃতীয় পর্যায়ের গুণোৎসব পূর্বের ৬ ফেব্রুয়ারীর পরিবর্তে ৪ ফেব্রুয়ারী আরম্ভ হবে ।৪ ফেব্রুয়ারী তৃতীয় পর্যায়ের গুণোৎসবের স্ব-মূল্যায়ন হবে এবং ৫ থেকে ৭ ফেব্রুয়ারী পর্যন্ত বহিঃমূল্যায়ন হবে । অন্য একটি সংশোধন অনুসারে পশ্চিম কার্বি আংলং জেলাকে দ্বিতীয় পর্যায়ের গুণোৎসবের তালিকায় অর্ন্তভুক্ত করা হয়েছে । আগে এই জেলাটি তৃতীয় পর্যায়ের গুণোৎসবের তালিকায় অর্ন্তভুক্ত ছিলো । সমগ্র শিক্ষার মিশন সঞ্চালকের জারী করা নির্দেশ অনুসারে প্রথম পর্যায়ের গুণোৎসব ১১ টি

জেলায় , দ্বিতীয় পর্যায়ের গুণোৎসব ১৪ টি এবং তৃতীয় পর্যায়ের গুণোৎসব ১০ টি জেলায় অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------

দেশের মেডিক্যাল কলেজগুলোতে চলতি বছরের এম বিবিএস পাঠ্যক্রমে ভর্তি ক্ষেত্রে কাউন্সেলিংয়ের জন্য পঞ্জীয়ন প্রক্রিয়া আগষ্ট মাসের প্রথম সপ্তাহে আরম্ভ হবে ।মেডিক্যাল কাউন্সিলিং কমিটি একথা প্রকাশ করে বলে যে চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমে ভর্তির জন্য কাউন্সেলিং পর্ব আগামী ১৪ ই আগষ্ট থেকে শুরু হবে ।জাতীয় চিকিৎসা আয়োগের অধ্যক্ষ ডাঃ বি শ্রীনিবাস পঞ্জীয়ন এবং কাউন্সেলিং সম্পর্কীত সবধরণের অগ্রগতির বিষয়ে অবগত হতে শিক্ষার্থীদেরকে মেডিক্যাল কাউন্সেলিং কমিটির ওয়েবসাইটে দৃষ্টি রাখার আহ্বান জানান ।উল্লেখ্য এই কাউন্সেলিং প্রক্রিয়ার মাধ্যমে এ ম বি বি এস পাঠ্যক্রমে দেশের ১ লক্ষ ১০ হাজার এবং বি ডি এস এর প্রায় ২১ হাজার আসন সহ আয়ুষ মন্ত্রনালয়ের অধীনের পাঠ্যক্রম সমুহেও ভর্তি প্রক্রিয়া আরম্ভ হবে ।সূচী অনুযায়ী ১৪ ই আগষ্ট থেকে ২১ শে আগষ্ট পর্যন্ত কাউন্সেলিং সম্পন্ন হওয়ার পর ২৩ আগষ্ট আসন বন্টনের তালিকা ঘোষণা করা হবে ।অনুরূপভাবে ৬ সেপ্টেম্বর থেকে ১০ সেপ্টেম্বর পর্যন্ত দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিং সম্পন্ন হওয়ার পর দ্বিতীয় পর্যায়ের আসন বন্টন ১১ ও ১২ সেপ্টেম্বর এবং তৃতীয় তথা অন্তিম পর্যায়ের আসন বন্টন প্রক্রিয়া ১৩ সেপ্টেম্বর সম্পূর্ণ করা হবে ।এদিকে চলতি বছরের চিকিৎসা বিজ্ঞানের স্নাতকোত্তর পাঠ্যক্রমে ভর্তির জন্য জাতীয় যোগ্যতা নিরূপণ তথা প্রবেশ পরীক্ষা নীট পি জি আগামী ১১ ই আগষ্ট অনুষ্ঠিত হবে বলেও ঘোষণা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলার মিশন শক্তির জেলা পর্য্যায়ের একটি সভা আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে । জেলার অতিরিক্ত আয়ুক্ত ডক্টর খালেদা সুলতানা আহমেদের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলার নারী শক্তির ক্ষমতায়নের কেন্দ্র মহিলা ও শিশু উন্নয়ন বিভাগের পক্ষ থেকে সংকল্প শীর্ষক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তুলে ধরা হয় । জেলার ভারপ্রাপ্ত সমাজ কল্যান আধিকারীক অঞ্জলী কুমারী সভার উদ্দেশ্যে ব্যাখ্যা করে মহিলাদের সুরক্ষা ও নিরাপত্তা সর্ম্পকে আলোকপাত করেন এবং বলেন যে জেলায় মিশন শক্তির অধীনে ওয়ান স্টপ সেন্টার , মহিলা হেল্পলাইন ১৮১ , বেটি বাঁচাও-বেটি পড়াও , নারী আদালত , নারীর ক্ষমতায়ন বৃদ্ধিতে শক্তি সদন , কর্মজীবি মহিলা হোস্টেলের বাস্তবায়নের উপর জোর দেন ।

---------------------------------------------------------------------------------

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের কিশোর - কিশোরী সংগঠন কমসোমলের রাজ্য ভিত্তিক শিক্ষা সাংস্কৃতিক শিবির গতকাল তেজপুরে সমাপ্ত হয়েছে । শিবিরে দলের রাজ্য সম্পাদক চন্দ্র লেখা দাস কিশোর-কিশোরীদের উন্নত দেশপ্রেমিক হিসেবে গড়ে উঠার আহ্বান জানিয়েছেন । উল্লেখ্য গত ২৮শে জুলাই থেকে কমসোমলের তিন দিনের শিক্ষা-সাংস্কৃতিক শিবির তেজপুরের কে পি এম স্কুলে অনুষ্ঠিত হয়েছে ।

---

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের প্রতিষ্ঠাতা সাধারন সম্পাদক শিবদাস ঘোষের স্মরনে আজ এক সভা অনুষ্টিত হয় । দলের কাছাড় জেলা কমিটির অন্যতম সদস্য নকুল রঞ্জন পালের পৌরহিত্যে আয়োজিত সভায় দলের উদ্দেশ্যে ও আর্দশ নিয়ে ভবতোষ চক্রবর্তী , সুব্রত চন্দ্র নাথ প্রমূখ আলোচনা করেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় আগামীকাল থেকে মাসব্যাপী বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । জেলার তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামীকাল ও আগামী দোসরা অগাষ্ট আলগাপুর , আপিন-রংপুর ,বড়বন্দ এবং বাহাদূরপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসন থেকে জমি মালিকদের চলতি বছরের খাজনা এবং বকেয়া বছরের খাজনা জমা দিতে অনুরোধ করা হয়েছে ।

---